কাস্টম হাউস (আইসিডি)
কমলাপুর, ঢাকা।

# বিজ্ঞপ্তি

এ দপ্তরের রপ্তানী সংশ্লিষ্ট কার্যক্রমের সহিত জড়িত সকল রপ্তানীকারক/সি এন্ড এফ এজেন্ট, শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টম হাউস, আইসিডি-তে গত ১০/১২/২০২০ খ্রি: তারিখে EGM পাইলটিং করা হয়। কিন্তু যথাযথ নির্দেশনা থাকা সত্ত্বেও ASYCUDA System-এ যথাসময়ে শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক EGM দাখিল হচ্ছে না। বিধায়, কাস্টম হাউস, আইসিডির EGM দাখিলের Performance কমে যাচ্ছে, ফলে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট কাস্টম হাউস, আইসিডির ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এমতাবস্থায়, যে সব প্রতিষ্ঠান EGM দাখিল করছে না তাদেরকে আগামী ১০ (দশ) দিনের মধ্যে ASYCUDA System-এ EGM দাখিল করার জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। উক্ত সময়সীমার মধ্যে EGM দাখিলে ব্যর্থ হলে সংশ্লিষ্ট রপ্তানীকারক/সি এন্ড এফ এজেন্ট, শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডের বিরুদ্ধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কোন সমস্যার সম্মুখীন হলে EXPORT এর রাজস্ব কর্মকর্তার সাথে আলোচনা করার জন্য বলা হলো।

জাতীয় রাজস্ব আহরণ ও রপ্তানী কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

তারিখ : ২৮/০২/২০২২ খ্রি:

আদেশক্রমে

28.2.20

সহকারী কমিশনার
রপ্তানী পরীক্ষণ ও শুল্কায়ন
কাস্টম হাউস (আইসিডি)
কমলাপুর, ঢাকা।